

সংবাদ

ALL INDIA APPOINTMENT GAZETTE
A WEEKLY NEWSPAPER on **EMPLOYMENT & TRAINING Opportunities**

Rs. 2/-

7, Old Court House Street
Kolkata-700 001
Call 033 22101820

বর্ধমান ৩০ আষাঢ় ১৪২৩ শুক্রবার ৩ টাকা 15 July 2016 Friday 12 Pages Rs. 3.00

অভাবে টিকাকরণে জির হজযাত্রীরা



হজযাত্রীদের হাছাপত্রিকা। -সংবাদচিত্র

৩ টিকারে সেন রামপুরে-২ এর
জির হজযাত্রীদের হাছাপত্রিকা। -সংবাদচিত্র

গৃহবধূর অস্বাভাবিক মৃত্যুতে ধৃত স্বামী-শাশুড়ি

সংবাদদাতা, আসানসোল, ১৪ জুলাই : পনের দাবির নিতাদিনের অত্যাচার সহ্য করতে না পেরে এক বধূর আত্মহত্যা করার ঘটনার ঠিক এক মাসের মাথাতে বৃথবার মৃত্যুর স্বামী ও শাশুড়িকে গ্রেফতার করল আসানসোল দক্ষিণ থানার পুলিশ। আসানসোলের মেনথেমোর বাসিন্দা ধৃতদের নাম হল সাগর নুনিয়া ও সুনিতা নুনিয়া। বৃহস্পতিবার ধৃতদের আসানসোল অদালতে তোলা হলে বিচারক তাদের জরিমনা নাকচ করে জেলহাজতের নির্দেশ দেন। পুলিশসূত্রে জানা গেছে, ২০১১ সালের ২৬ জানুয়ারি কলকাতা থানার মিতানির বাসিন্দা সোমা বাউরির সঙ্গে সাগর নুনিয়ার বিয়ে হয়। বিয়ের সময় সোমার বাপের বাড়ি থেকে পনরবান নগর টাকা সহ অন্যান্য জিনিস দেওয়া হয়। কিন্তু তারপরেও শ্বশুরবাড়ির লোকেরা বাপের বাড়ি থেকে পনরবান আরও ৫ লক্ষ টাকা আনার দাবিতে অত্যাচার শুরু করে। শেষপর্যন্ত গত ১৪ জুন শ্বশুরবাড়ি থেকে পনরবান আরও ৫ লক্ষ টাকা

আয়রনমুক্ত জলপ্রকল্প কেন্দ্রীয় গবেষণা সংস্থার

তপন রায় ● দুর্গাপুর

১৪ জুলাই : বাঁকুড়া জেলায় আয়রনমুক্ত পানীয় জলের পরিকল্পনা নিল দুর্গাপুরের কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রিত গবেষণাকেন্দ্র সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট (সিএমইআরআই)। সংস্থার অধিকর্তা ড. হরিশ হিরানি জানান, বৃথবার বাঁকুড়ার তালভাংরা ব্লকের বীরবড়বা গ্রামে পুরোনো বাসস্থানে এবং বাঁকুড়া-২ ব্লকের পশ্চিম রতনপুর প্রাথমিক বিদ্যালয়ে দুটি আয়রনমুক্ত প্লাস্টিক উদ্বোধন করা হয়েছে। এর আগে বড়জোড়াতে দুটি আয়রনমুক্ত প্লাস্টিক বসিয়েছে সিএমইআরআই। বড়জোড়া পঞ্চায়েত সমিতির সভাপতি কাজল পোডেল জানান, এলাকায় আয়রনমুক্ত প্লাস্টিক বসানোর প্রচুর মানুষ উপকৃত হচ্ছেন। তার এলাকায় আরও কয়েকটি প্লাস্টিক বসানোর জন্য সিএমইআরআইকে অনুরোধ জানানো

হয়েছে। তালভাংরা ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক উজ্জ্বল বিশ্বাস বলেন, ব্লকের বেশকিছু এলাকায় নলকূপের জলে প্রচুর আয়রন রয়েছে। আয়রনমুক্ত জলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আবেদন জানানো হয় সংস্থাটিকে। আমাদের আবেদনে সাড়া দিয়ে ইতিমধ্যে একটি আয়রন রিমুভাল প্লাস্টিক বসানো হয়। বৃথবার সেই প্লাস্টিক উদ্বোধন করেন সংস্থার অধিকর্তা ড. হিরানি। আমরা আও ১৫টি প্লাস্টিক বসানোর আবেদন জমিয়েছি। তিনি বলেন, যে প্লাস্টিক বসানো হল তাতে অন্তত ২ হাজার মানুষ আয়রনমুক্ত পানীয় জল পাবেন। বাঁকুড়া-২ এর সমষ্টি বিত্তিও অমরেশ্বর দাস বলেন, পশ্চিম রতনপুর প্রাথমিক বিদ্যালয়ে আয়রনমুক্ত প্লাস্টিক বৃথবারই উদ্বোধন হল। সিএমইআরআইয়ের অধিকর্তা নিজে এসে প্লাস্টিক উদ্বোধন করে যান। আরও ৬টি প্লাস্টিক বসানোর আবেদন করেছি। প্লাস্টিক বসানোর জন্য

সরকারি তহবিল থেকে কোনো খরচ হয়নি বলে জানা গেছে। সংস্থাসূত্রে জানা গেছে, সংস্থার বিজ্ঞানী ড. বিশ্বজিৎ ক্রজ আয়রনমুক্ত পানীয় জলের জন্য এক বিশেষ ধরনের প্লাস্টিক তৈরি করেছেন। যে সমস্ত অঞ্চলে ভূগর্ভস্থ জলে আয়রনের পরিমাণ বেশি সেখানে ভারতের মার্ক-২ হাত পাম্পের ওই প্লাস্টিকে জুড়ে দেওয়া হচ্ছে। প্রতি ঘণ্টায় ৮০০ লিটার জল তোলা সম্ভব হবে। একটি ইউনিট তৈরি করতে এবং বসাতে খরচ পড়ছে পঞ্চাশ হাজার টাকা। ড. হিরানি জানান, বাঁকুড়াকে আয়রনমুক্ত জল পরিসেবা দেওয়ার একটি কর্মসূচি নিয়েছে সিএমইআরআই। এখন বাঁকুড়া জেলাতে ৫০টি ওই ধরনের জলে আয়রনমুক্ত প্লাস্টিক বসানো চলবে। সংস্থার বিজ্ঞানীরা জানান, আয়রনমুক্ত জলে চা-কফি এবং ভাত অনেক সুস্বাদু হবে। মূল্যের ক্ষতিও থাকবে না। দীর্ঘের ক্ষয় ঘেঁষ করা যাবে।